



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি  
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম  
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।  
www.titasgas.gov.bd



নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০২৩.০৬.০০২৭.২৫.১১০

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

### স্থায়ী আদেশ-০৩/২০২৬

১.১। কোম্পানিতে স্থানীয় ও বৈদেশিক ক্রয়কৃত কারিগরি মালামাল (গ্যাস পাইপ লাইন, সংশ্লিষ্ট ফিটিংস ও ইকুইপমেন্ট এবং গ্যাস সরবরাহ সম্পর্কিত মালামাল ইত্যাদি) এর গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে যাচাই-বাছাই ও পরীক্ষণের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৬ এর আলোকে কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক নিম্নোক্তভাবে কারিগরি পরীক্ষণ ও গ্রহণ কমিটি (Technical Examination and Acceptance Committee) গঠন করা হলো:

|    |   |            |
|----|---|------------|
| ১। | মহাব্যবস্থাপক (অপারেশন)।  | আহ্বায়ক   |
| ২। | ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়াল রক্ষণাবেক্ষণ ও কোয়ালিটি টেস্টিং বিভাগ হতে একজন কর্মকর্তা। | সদস্য সচিব |
| ৩। | অধিযাচনকারী/ক্রয়কারী বিভাগের একজন কর্মকর্তা।   | সদস্য      |

### ১.২। কমিটির কার্যপরিধি(ToR):

১.২.১। কোম্পানিতে স্থানীয় ও বৈদেশিক ক্রয়কৃত কারিগরি মালামাল (গ্যাস পাইপ লাইন, সংশ্লিষ্ট ফিটিংস ও ইকুইপমেন্ট এবং গ্যাস সরবরাহ সম্পর্কিত মালামাল ইত্যাদি) এর গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে যাচাই-বাছাই ও পরীক্ষণ;

১.২.২। এতদবিষয়ে অন্যান্য মতামত (যদি থাকে) প্রদান।

২.১। কোম্পানিতে স্থানীয়ভাবে ক্রয়কৃত সকল “মনিহারী, আসবাবপত্র এবং ইলেকট্রনিক্স সামগ্রী” এর গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে যাচাই-বাছাই ও পরীক্ষণের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৬ এর আলোকে কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক নিম্নোক্তভাবে কারিগরি পরীক্ষণ ও গ্রহণ কমিটি (Technical Examination and Acceptance Committee) গঠন করা হলো:

|    |   |            |
|----|---|------------|
| ১। | মহাব্যবস্থাপক (প্রশাসন)।                          | আহ্বায়ক   |
| ২। | অধিযাচনকারী/ব্যবহারকারী বিভাগ হতে একজন কর্মকর্তা। | সদস্য সচিব |
| ৩। | ক্রয়কারী বিভাগের একজন কর্মকর্তা।                 | সদস্য      |

### ২.২। কমিটির কার্যপরিধি(ToR):

২.২.১। কোম্পানিতে স্থানীয়ভাবে ক্রয়কৃত সকল “মনিহারী, আসবাবপত্র এবং ইলেকট্রনিক্স সামগ্রী” এর গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে যাচাই-বাছাই ও পরীক্ষণ;

২.২.২। এতদবিষয়ে অন্যান্য মতামত (যদি থাকে) প্রদান।


৩। কারিগরি পরীক্ষণ ও গ্রহণ কমিটি (Technical Examination and Acceptance Committee) সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত স্থায়ী আদেশ-১২/২০২৪, তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৪ এবং স্থায়ী আদেশ-১৩/২০২৪, তারিখ: ০৬ জানুয়ারি ২০২৫ বাতিল করা হলো।

৪। উক্ত স্থায়ী আদেশের আলোকে প্রয়োজনানুযায়ী সংশ্লিষ্ট ক্রয়কারী/অধিযাচনকারী ডিভিশন/বিভাগ কমিটি গঠনের অফিস আদেশ জারী করবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

#### সংযুক্তিসমূহঃ

- (১) স্থায়ী আদেশ ১৩-২০২৪
- (২) স্থায়ী আদেশ ১২-২০২৪



০৪-০৩-২০২৬

শাহনেওয়াজ পারভেজ

ব্যবস্থাপনা পরিচালক

ফোন : +৮৮০২৪১০১০৩৬৩

ফ্যাক্স : ৮৮-০২-৮১৪২২৫০

ইমেইল : mdtitargas@titargas.org.bd

নম্বর: ২৮.১৩.০০০০.০০০.০২৩.০৬.০০২৭.২৫.১১০/১ (৯)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ২। মহাব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ৩। মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ৫। উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল।
- ৬। উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৭। ব্যবস্থাপক (সাধারণ)- সকল।
- ৮। ব্যবস্থাপক (হিসাব)- সকল এবং
- ৯। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।



০৫-০৩-২০২৬

শাহনেওয়াজ পারভেজ

ব্যবস্থাপনা পরিচালক